



ফকির আলমগীর -এর মৃত্যুতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং ট্রেজারার-এর  
শোক প্রকাশ



জগন্নাথ বিশ্ববিদ্যালয় (তৎকালীন জগন্নাথ কলেজ) -এর সাবেক শিক্ষার্থী, একান্তরের বীর মুক্তিযোদ্ধা, কণ্ঠ সৈনিক, প্রখ্যাত গণসংগীত শিল্পী ফকির আলমগীর (৭১) গত ২৩ জুলাই, ২০২১ শুক্রবার, ঢাকার ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন ( ইন্না লিল্লাহি .....রাজিউন)।

তাঁর মৃত্যুতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ গভীর শোক প্রকাশ করেছেন এবং তাঁর শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানিয়েছেন।

উপাচার্য বলেন, তাঁর মৃত্যুতে দেশ আজ একজন সূর্যসন্তানকে হারালো। তাছাড়া তাঁর মৃত্যুতে দেশের সঙ্গীত অঙ্গনে যে শূন্যতার সৃষ্টি হয়েছে তা কখনো পূরন করা সম্ভব নয়।

উল্লেখ্য, ষাটের দশক থেকে গণসংগীতের সঙ্গে যুক্ত ফকির আলমগীর ক্রান্তি শিল্পী গোষ্ঠী ও গণশিল্পী গোষ্ঠীর সদস্য হিসেবে ১৯৬৯-এর গণঅভ্যুত্থানে অংশগ্রহণ করেন। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ শুরু হলে তিনি যোগ দেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে। সেই সময় মুক্তিযুদ্ধের স্বপক্ষে তার কণ্ঠে গেয়ে উঠা গণসংগীত মুক্তি পাগল বাঙালিকে উজ্জীবিত করে।

সংগীতঙ্গনে গুরুত্বপূর্ণ অবদানের জন্য ১৯৯৯ সালে তিনি একুশে পদক লাভ করেন।